গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

বিষয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে (Stakeholder) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম ফেরদৌস আলম<br>যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ অনুবিভাগ)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ০৭/০৬/২০২১; সকাল: ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইনে ভার্চুয়াল পদ্ধতিতে। |

সভাটি ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। সভায় অনলাইনে সংযুক্ত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

শুরুতে সভাপতি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট, যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১) জনাব এস এম ফেরদৌস আলম সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানান। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে শুরুতেই তিনি বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত ২০২০-২১ সালের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনাসমূহের মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টদের অবহিত করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করেন। একই সাথে সংস্থার ফোকাল পয়েন্টদের কোন মতামত থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টগণ যে সকল বিষয়ে স্পষ্টীকরণের জন্য অনুরোধ করেন তা তাৎক্ষণিকভাবে তাঁদেরকে অবহিত করা হয়।

এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ সভায় নিজ নিজ অভিজ্ঞতার আলোকে মতামত বিনিময় করেন। মন্ত্রণালয়ের সঙ্গে অধীনস্থ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সরাসরি বক্তব্য আদান প্রদানের সুযোগ তৈরী হওয়ায় তা দাপ্তরিক কাজকে ত্বরান্বিত করবে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি জানান যে, ভবিষ্যতে এ ধরণের সভা আয়োজন অব্যাহত থাকবে। সভাপতি উপস্থিত সকলকে করোনা ভাইরাস জনিত দুর্যোগ পরিস্থিতি মোকাবেলায় সকলকে স্বাস্থ্যবিধি মেনে সতর্ক থাকার আহবান জানান। তিনি আরও বলেন যে, জনগণের নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিশেষত প্রাণিজ আমিষ উৎপাদন ও সরবরাহের সাথে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট হওয়ায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মাছ, মাংস, ডিম ও দুধের উৎপাদন ও সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে। একইসাথে করোনা ভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলায় জন্য সরকার নির্দেশিত স্বাস্থ্য বিধি অনুসরণ এবং এ বিষয়ে জনগণকে সচেতন করার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

ক) বিদ্যমান করোনা পরিস্থিতিতে এবং আসন্ন ঈদুল আযহার প্রাক্কালে অধীনস্থ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকার নির্দেশিত সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম চালু রেখে মাছ, মাংস, ডিম ও দুধের উৎপাদন ও সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

খ) প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে স্বাস্থ্যবিধির যথাযথ অনুসরণপূর্বক পরিবারের সদস্যসহ সকলকে তা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম ফেরদৌস আলম)
যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ অনুবিভাগ)
ও
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট